

221935 - এক মেয়ে ভুল করে পানি পান করার পর তার মা তাকে বলল- 'তোমার রোজা ভেঙ্গে গেছে'; তাই সে রোজা ভেঙ্গে ফেলে পরবর্তীতে সে রোজাটির কাযা করেছে; এমতাবস্থায় তার উপর কি কিছু বর্তাবে?

প্রশ্ন

প্রশ্ন: সেহেরি খাওয়ার পর আমি ঘুমিয়ে ছিলাম। এর মধ্যে আমি দুঃস্বপ্ন দেখে চিৎকার করে জেগে উঠি। আমার মা কিছু পানি নিয়ে এলে আমি পানি পান করি। কিন্তু আমি ভুলে গিয়েছিলাম যে, 'আমি রোজাদার'। এরপর আবার ঘুমালাম। যখন জাগলাম তখন আমি রোজা পূর্ণ করতে চাইলাম। কিন্তু আমার মা বললেন: তুমি যখন পানি পান করেছ তখন তোমার রোজা ভেঙ্গে গেছে এবং তিনি আমাকে রোজা ভাঙ্গালেন। এমতাবস্থায়, এ রোজা ভাঙ্গাটি কি ইচ্ছাকৃত রোজা ভাঙ্গা হিসেবে গণ্য হবে? উল্লেখ্য পরবর্তীতে আমি এ রোজাটি কাযা করেছি। আমি কাফফারার বিষয়ে জানতে চাই। কারণ আমি মেয়ে মানুষ। আমার পিতাই আমার অভিভাবক। আমি বয়সে ছোট। এমতাবস্থায় আমি কি করব?

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহরজন্য।

এক:

যদি কোন রোজাদার ভুলে গিয়ে রমজানের দিনের বেলায় পানাহার করে ফেলে তার রোজা শুদ্ধ; তাকে কাযা আদায় করতে হবে না। এ বিষয়ে [50041](#) নং প্রশ্নোত্তরটি দেখুন।

তাই তুমি যে, ভুলে গিয়ে পানি পান করেছ এতে তোমার রোজার কোন ক্ষতি হয়নি। উচিত ছিল তোমার রোজাটি পূর্ণ করা। আর যেহেতু তুমি তোমার মায়ের কথা অনুযায়ী রোজা ভেঙ্গেছ এবং পরবর্তীতে ঐ রোজা কাযা করেছ- সুতরাং তুমি তোমার দায়িত্ব পালন করেছ। তোমার উপর কোন কাফফারা নেই। কারণ কাফফারা ওয়াজিব হয় কেউ রমজানের দিনের বেলায় স্ত্রী সহবাস করলে।

[38074](#) নং প্রশ্নোত্তরটি দেখতে পার।

আল্লাহই ভাল জানেন।